বারাদীতে খড়ি কুড়াতে গিয়ে প্রাণ হারালেন রশিদা

বাড়ির পাশে ফার্নিচারের কারখানাতে খড়ি কুড়াতে গিয়ে বিদ্যুৎস্পৃট হয়ে নিথর হলেন রশিদা খাতুন (৫৫)।
নিহত রশিদা খাতুন মেহেরপুর সদর উপজেলার মোমিনপুর গ্রামের জামে মসজিদের মোয়াজ্জিন আলী মোহাম্মদ এর স্ত্রী।
আজ বৃহস্পতিবার (২৯ সেপ্টেম্বর) ভোর সাড়ে ৫ টার দিকে মারা যান তিনি।
স্থানীয়রা জানান, ওই নারী ভোররাতের দিকে বাড়ির পাশে মামুনের ফার্নিচারের কারখানার ভিতরে খড়ি কুড়াতে যান। কাঠের ডিজাইন কাটা মেসিনের পাশের খড়ি নিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যান।
ভোরবেলায় মুসুল্লিরা নামাজ পড়ে আসার পথে রশিদা খাতুন এর মরদেহটি দেখতে পান। পরিবারের লোকজন মরদেহটি উদ্ধার কর হয়।
মেহেরপুর সদর থানার ওসি রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।

গাংনীতে ১৫ কেজি রুপাসহ দুই পাচারকারী আটক

গাংনীর করমদি থেকে ১৫ কেজি রোপ্যসহ দুই পাচারকারীকে আটক করেছে পুলিশ।

আটকরা হলেন, গাংনী উপজেলার চককল্যানপুর গ্রামের আব্দুল মান্নানের ছেলে আকাশ (৩২) ও শওকত আলীর ছেলে রানা আহমেদ (৩৪)। এ ঘটনায় আরো একজন পলাতক রয়েছে।

আজ বৃহস্পতিবার (২৯ সেপ্টেম্বর) সকাল ৯ টার দিকে বামন্দী- তেঁতুলবাড়িয়া সড়কের করমদী মাঠপাড়া এলাকা থেকে তাদের আটক করা হয়। এসময় তাদের ব্যবহৃত প্যাশন প্লাস মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই)

ইস্রাফিল হোসেন, টুআইসি এএসআই মাহাতাব আলীসহ সঙ্গীয় ফোর্স গোপন সংবাদে অভিযান চালিয়ে তাদের আটক করেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ভারতে রোপা পাচারের উদ্দ্যেশে একটি চক্র বামন্দী- তেঁতুলবাড়িয়া সড়ক হয়ে সীমান্তে যাচ্ছে এমন সংবাদে পুলিশের একটি টিম করমদী মাঠপাড়া এলাকায় অবস্থান নেয়। এসময় মোটরসাইকেলে তিনজন ব্যক্তি পলিথিনে মোড়ানো রোপ্য সিট কাপড়ের (ত্যানা) মধ্যে করে বিশেষভাবে মুড়িয়ে নিয়ে যাচ্ছিল। পুলিশের সন্দেহ হলে তাদের মোটরসাইকেলের গতিরোধ করেন। এসময় মোটরসাইকেল ফেলে একজন পালিয়ে যায়। পুলিশ ঘটনাস্থল থেকে ১৫ কেজি রোপ্য সহ দুই পাচারকারীকে আটক করেন। উদ্ধারকৃত রোপ্য’র আনুমানিক মূল্য ১২ লাখ টাকা বলে জানিয়েছেন পুলিশ।

এঘটনায় বিশেষ হ্মমতা আইনে মামলা দায়ের করে আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণের প্রস্ততি চলছে।

গতকাল (২৮ সেপ্টেম্বর) মেহেরপুর শহর থেকে ৬ টি স্বর্ণের বারসহ এক নারীসহ দুজনকে আটক করেছিলো মেহেরপুর সদর থানা পুলিশ। একদিনের ব্যবধানে এই অভিযান।

মুজিবনগরে নানা আয়োজনে পালিত হলো প্রধানমন্ত্রীর জন্মদিন

মুজিবনগরে কেক কাটা আলোচনা সভা ও দোয়া মাহফিলের মধ্য দিয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন পালন করেছে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ ও তার অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

দেশ নায়কের ৭৬ তম জন্মদিন উপলক্ষে বুধবার বিকেলে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটন মডেলে এক অনুষ্ঠানের আয়োজন করে উপজেলা আওয়ামীলীগ।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আইয়ুব হোসেন,মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান ,বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, সম্পাদক নজরুল ইসলাম।

দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন, মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা যুব মহিলালীগের সভাপতি তসলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহ-সভাপতি মতিউর রহমান মাতিন, দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি দোলন, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব, সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ সাকিব প্রমুখ।

জন্মদিনের আলোচনা সভায় বক্তারা বলেন শেখ হাসিনা বাংলাদেশকে প্রগতির পথে, উন্নয়নের পথে, শান্তির পথে এগিয়ে নিয়ে গেছেন। তার জন্মদিন মানে শুভ ও কল্যাণের পথে আমাদের সবার এগিয়ে যাওয়ার প্রত্যয়।

মেহেরপুর কলেজ ছাত্রলীগের উদ্যোগে প্রধানমন্ত্রীর জন্মদিন পালন

আনন্দ মিছিল, কেক কাটা ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগ বঙ্গবন্ধু কন্য ও বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬তম জন্মদিন পালন করেছে।

বুধবার (২৮ সেপ্টেম্বর) দুপুরের দিকে কলেজ ক্যাম্পাসে এ আয়োজন

করে ছাত্রলীগ।মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক অমি পারভীন, সহ-সম্পাদক শামীম রেজা। এসময় মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে কেক কাটা হয়। আনন্দ মিছিলটি কলেজ ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

গাংনীতে শেখ হাসিনার ৭৬ তম জন্মদিনে নানা আয়োজন

আনন্দ শোভাযাত্রা, আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজনের মধ্যে দিয়ে বাংলাদেশের সফল প্রধান মন্ত্রী ও বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি শেখ হাসিনার ৭৬ তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে।

এ উপলক্ষে গাংনী উপজেলা শহরে একটি বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদ চত্তরে গিয়ে শেষ হয়।

আনন্দশোভা যাত্র শেষে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কেন্দ্রে আলোচনা সভা ও প্রধানমন্ত্রীর সুস্থ্যতা কমান করে দোয়া ও মোনাজাত করা হয়।

প্রধান মন্ত্রীর জন্মদিনের অনুষ্ঠান মালায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক।

মেহেরপুর জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান হাবীবের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, সহ

সভাপতি মাহমুদ হাসিব, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, ছাত্রলীগ নেতা জাহাঙ্গীর আলম, মানিক আহম্মেদ, রাসেল, সনজু, ডলার, সজিব হোসেন প্রমুখ।

প্রধান মন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে জেলা যুবলীগের খাবার বিতরণ

দুঃস্থদের মাঝে খাবার বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠানের মধ্য দিয়ে বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি ও বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্ম দিন পালন করলো বাংলাদেশ আওয়ামীলী যুবলীগ মেহেরপুর জেলা শাখা।

বুধবার সন্ধ্যায় বাংলাদেশ আওয়ামী যুবলীগের মেহেরপুর জেলা শাখার আহবায়ক ও মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন এর সভাপতিত্বে দুস্থ্যদের মাঝে খাবার বিতরণ ও দোয়ার মাহফিলে বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সহিদুল ইসলাম পেরেসান, সাহিদুজ্জামান সুইট, ইয়ানুস আলীসহ অন্যান্য নেতৃবৃন্দ।

কোটচাঁদপুর ১৫০ পিচ ইয়াবা সহ দুই জন আটক

১৫০ পিচ ইয়াবা সহ দুই জনকে আটক করেছেন কোটচাঁদপুরের গুড়পাড়া ফাঁড়ি পুলিশ। বুধবার বিকালে গুড়পাড়া বাজার থেকে তাদেরকে আটক করা হয়।

কোটচাঁদপুরের গুড়পাড়া পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক আব্দুল্লা আল

মামুন জানান,গোপন সংবাদে জানতে পারি দুই জন ইয়াবা বিক্রির উদেশ্যে বাজারে ঘোরাঘুরি করছেন। তাদের সন্দেহ জনক ঘোরাঘুরি দেখে আটক করা হয়। পরে ওই দুই জনের বডিতে থাকা ১৫০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

আটকৃতরা হলেন,আলমডাঙ্গার মাজু গ্রামের আব্দুর রশিদ শেখের ছেলে সেন্টু শেখ (২৫),ও কুষ্টিয়ার আশাননগর গ্রামের রফিকুল ইসলামের ছেলে বিপ্লব হোসেন।

এ রিপোর্ট লেখা পর্যন্ত থানায় মামলার প্রস্তুতি চলছিল।

বামন্দীতে আম বাগান থেকে ফেরার আগেই মোটরসাইকেল নিয়ে চম্পট

আম বাগান দেখে ফিরে এসেই আর মোটরসাইকেলটি খুজে পেলেন না মালিক আরিফ হোসেন। সে ফিরে আসার আগেই মোটরসাইকেলটি নিয়ে চম্পট দিয়েছে চোর।

আজ বুধবার (২৮ সেপ্টেম্বর) দুপুরের দিকে গাংনী উপজেলার বামন্দী- দেবীপুর সড়কের সাঈদ নাসার্রির কাছে এ চুরির ঘটনা ঘটে।

আরিফ হোসেন জানান, আমি সাঈদ নাসার্রির কাছে আমার এ্যাপাচি আরটিআর মোটরসাইকেলটি যার নং মেহেরপুর ল-১১৫২৩৮।

রেখে নার্সারির পাশেই আম বাগান দেখতে গেছি। সেখানে খুব বেশী সময় সেখানে থাকিনি। ফিরে এসে মোটরসাইকেলটি আর পাইনি। তার আগেই চোর নিয়ে পালিয়ে গেছে। ভুক্তভোগী আরিফ হোসেন বামন্দী ক্যাম্পপাড়া এলাকার সাবেক সেনা সদস্য আলিহীমের ছেলে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন। এব্যাপারে খোঁজ খবর নেওয়া হচ্ছে বলেও জানান তিনি।

দামুড়হুদায় ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

একমাত্র খেলা-ধুলায় পারে যুবসমাজকে মাদক থেকে দূরে রাখতে সেই উপলক্ষে দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার বেলা ৪ টায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর ইয়ুথ ক্লাব মাঠে।এ খেলায় মোট ১২ টি দল অংশগ্রহণ করবে উদ্বোধনী ম্যাচে দর্শনা বয়েজ ক্লাব বনাম চুয়াডাঙ্গা জাফরপুর একাদশ এ টুর্নামেন্টের প্রথম দিনে দুটি খেলা অনুষ্ঠিত হয়। খেলায় দর্শনা বয়েজ ক্লাব ১ চুয়াডাঙ্গা জাফরপুর একাদশ ১গোলে খেলাটি ড্র করেছে।

জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে: প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, এক সময় আমাদের দেশের খেলা- ধুলার মান খুবই খারাপ ছিলো। মাননীয় প্রধানমন্ত্রী নেতৃত্বে দেশের উন্নয়নের ধারা অব্যাহত থাকার সাথে সাথে খেলা-ধুলার মানও উন্নতির দিকে এগিয়ে চলেছে। সকলকে মাদক পরিহারের অঙ্গীকার করতে হবে। একমাত্র খেলা-ধুলায় পারে যুবসমাজকে মাদক থেকে দুরে রাখতে। আমাদের যুবসমাজকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে খেলা-ধুলার বিকল্প নেই।

বিশেষ অতিথির বক্তব্যে সিরাজুল ইসলাম মাস্টার বলেন, মাদকের ভয়াল থাবা থেকে আমাদের সন্তানদের দুরে রাখতে হবে। মাদক থেকে দুরে থাকতে হলে খেলা-ধুলার বিকল্প নেই। মাদকাশক্ত একটি সন্তান ওই পরিবারের অভিশাপ। একটি পরিবারকে ধ্বংশ করতে একজন মাদকাশক্ত সন্তানই যথেষ্ট। তাই অভিভাবকদেরও লক্ষ রাখতে হবে আপনার সন্তান কোথায় যায়, সে মাদকাশক্ত কিনা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আবুল কালাম আজাদ মিয়া, আহসান

কবীর রিপন মিয়া, আমজাদ হোসেন,নিশান তরফদার, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, শহিদুল ইসলাম।

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদ এর সঞ্চালনায় আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন, রাজীব,স্বপন,রনি, হাফিজুর,আরিফ, নাজির,মুসা, আজাদ, হাসিবুল সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন। মেডিক্যাল টিমের দায়িত্ব পালন করেন রাশিদুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দামুড়হুদা।
আয়োজনে: জয়রামপুর গ্রামবাসী।

মেহেরপুরে প্রতিবেশীর আক্রোশের শিকার একটি পরিবার

মেহেরপুরে প্রতিবেশীর অত্যাচারে অতিষ্ট হয়ে পড়েছে একটি পরিবার। অত্যচারে অনেকটা অতিষ্ট হয়ে তার বিরুদ্ধে মেহেরপুর পৌর সভায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন ভুক্তভোগী।

মেহেরপুর পৌর শহরের ৮ নং ওয়ার্ডের হোটেল বাজার মসজিদ পাড়া এলাকায় এই ঘটনা ঘটেছে।

ভুক্তভোগী তৌসফিয়া ফেরদৌসী তার অভিযোগে বলেন, আমার প্রতিবেশী মো:বাবু ও তার স্ত্রী বেদেনা খাতুন আমার ঘরের উন্নয়ন কাজে বাধা দিচ্ছে। বাড়ির দেয়ালে পাইপ, কার্নিশ এমনকি জানালার পাল্লা লাগাতে দিতে বাধা প্রদান করছে।

এনিয়ে তাকে বলতে গেলে নানাভাবে গালিগালসহ মারার হুমকী দিয়ে আসছে। মেয়র মাহফুজুর রহমান রিটনের সুদৃষ্টি কামনা করে এই সমস্যার সমাধান দিয়ে বাড়িটি সচল রাখার ব্যবস্থা করে দেওয়ার আবেদন জানান তিনি।